শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট, বাগেরহাট।

ফোন ঃ ০২৪৭৭৭৫১৬৫৬
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০১.০৩৮.২৪. ৭৬৭৬

তারিখঃ- ১১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

# "অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র আহবান (RFQ)"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম ক্রয়ের লক্ষ্যে সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নলিখিত বিবরণ এবং শর্তানুযায়ী সীল মোহরকৃত দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | বিবরণ | | পরিমাপের একক | পরিমান | একক দর | মোট দর |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ক) **অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ**-বিল ফরম সমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করতে হবে। চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টারের ছিদ্র সমূহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে; যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট(কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। প্রতিটি বিল ফরম অফিস কপি ও গ্রাহক কপির সমন্বয়ে প্রস্তুতকৃত হবে। ব্যবহৃত কাগজের মান ও সাইজ যথাক্রমে ৭০ GSM গ্রাম **উন্নত মানের অফসেট (সাদা) ও সাইজ ১১"x৯.৫" (১১x৮.৫" পারপুরেশন ব্যতীত**) (Letter Size) হবে।<br>(খ) **মুদ্রনে ব্যবহৃত কালিঃ**- কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে। প্রতিটি বিল পেপারের উপরে বামপাশে ক্রমিক নং উল্লেখ করতে হবে।<br>**(গ) মুদ্রিত বিষয়ঃ-প্রথম পৃষ্ঠায়** (অফিস কপি ও গ্রাহক কপির নীচে) বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে (মার্কার দ্বারা চিহ্নিত)। মুদ্রণের অক্ষর সমূহ স্পষ্ট(Sharp) হতে হবে। বিল ফরমের নিরাপত্তা ও বিতরন হিসাব সুষ্ঠভাবে পরিচালনার জন্য ফরমের প্রথম পৃষ্ঠার উপরে বাম দিকে ছয় অংকের একটি ক্রমিক নং-(Serial No.)থাকবে ঃ অপর পৃষ্ঠায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রণ প্রতিষ্ঠানের নাম,কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে।<br>(ঘ) **ডেলিভারী প্যাকিংঃ**-প্রতি প্যাকেটে ২,০০০ (দুই হাজার) টি শীট থাকিতে হবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২,০০০ টি শীটের নুন্যতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন ) হবে। বিদ্যুৎ বিল ফরমের মাঝখানে সমিতির মনোগ্রাম (জলছাপ) থাকতে হবে। | এলটি-এ ব্যতীত অন্যান্য এলটি গ্রাহক (বার্ণিজ্যিক +দাতব্য+সেচ +শিল্প) | শীট বা বক্স | ১২৯ বক্স বা ২,৫৮,০০০ শীট (প্রতি বক্সে ২০০০ হাজার শীট) | | |
| | | এমটি, এইচটি, গ্রাহক শ্রেণি | শীট বা বক্স | ০৫ বক্স বা ১০,০০০ শীট (প্রতি বক্সে ২০০০ হাজার শীট) | | |
| | | নেট মিটারিং | শীট বা বক্স | ০১ বক্স বা ২,০০০ শীট (প্রতি বক্সে ২০০০ হাজার শীট) | | |
| | | | | সর্বমোট | | |

**শর্তাবলীঃ-**

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট **www. pbs.bagerhat.gov.bd** - এ দেখতে পারবেন।

০২ দরপত্র **আগামী ০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকার** মধ্যে অত্র সমিতির সদর দপ্তর, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। উল্লেখ্য, উক্ত সময়ের পর কোন দরপত্র পৌছালে তা গ্রহণযোগ্য হবে না। খামের উপরে **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র"** স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র সমূহ **একই দিনে অর্থাৎ ০৫/০৫/২০২৪ তারিখ বেলা ১১:০৫ ঘটিকায়** বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাড খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ, ভ্যাট প্রত্যয়ন পত্র-এর সত্যায়িত কপি সহ প্রয়োজনীয় কাগজ পত্র সংযুক্ত করতে হবে ।

০৪। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৫। সরকারী নীতিমালা অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৬। কার্যাদেশ প্রদানের তারিখ হতে মালামাল সরবরাহের সময়সীমা নির্ধারণ / গণ্য হবে। সরবরাহকারী কর্তৃক উদ্বৃত সময়সীমা কোন ক্রমেই ১৫ (পনেরো) দিনের অধিক হবে না

০৭। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল ও চালান দাখিল করতঃ অত্র সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেক মারফত বিল পরিশোধ করা হবে।

০৮। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। বর্ণিত শর্ত সমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সেই বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(সুশান্ত রায়)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি :-( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- সদয় অবগতির জন্য)।

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পুলিশ সুপার, বাগেরহাট।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বাগেরহাট।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------ পবিস ১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
০৭। ডিজিএম, সদর দপ্তর/ফকিরহাট/রামপাল/চিতলমারী/মোল্লাহাট/মোড়েলগঞ্জ জোনাল অফিস, বাপবিস।
০৮। এজিএম (ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ), বাপবিস।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, বাগেরহাট।
১০। এজিএম (আইটি), ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।
১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টার কপি।

(সুশান্ত রায়)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**"বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হই, অন্যকে ব্যবহারের সুযোগ দেই"**